# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (c) আর্যভট্ট পুরস্কার অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া কর্তৃক প্রদান করা হয়। ডক্টর জি সতীশ রেড্ডি বর্তমানে DRDO-এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত আছেন।

2. (a) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি 'ইন্ডিয়া পোর্টস গ্লোবাল লিমিটেড' (IPGL)-এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে আলোক মিশ্রকে পরবর্তী পাঁচ বছরের জন্য নিযুক্ত করার সুপারিশ করেছে। অ্যাচিভার্স

3. (b) ভেঙ্কটরাঘবন শুভ শ্রীনিবাসন একজন বিশিষ্ট লেখক। সম্প্রতি প্রকাশিত 'The Origin Story of India's States' গ্রন্থটি 'পেঙ্গুইন র‍্যানডম হাউস ইন্ডিয়া' (PRHI) কর্তৃক প্রকাশিত হয়েছে।

4. (c) মোট ১১৩টি দেশের মধ্যে ভারত ৭১তম স্থানে রয়েছে। এই ইনডেক্সটি লন্ডনের ইকনমিস্ট ইমপ্যাক্ট দ্বারা ডিজাইন ও নির্মাণ করা হয়েছে এবং কর্টেভা এগ্রিসায়েন্স দ্বারা স্পনসর করা হয়েছে।

5. (c) এ বালাশুভ্রমনিয়ান অ্যাসোসিয়েশন অফ মিউচ্যুয়াল ফান্ডস ইন ইন্ডিয়া (AMFI)-এর চেয়ারম্যান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী নীলেশ শাহর স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে আদিত্য বিড়লা সান লাইফ অ্যাসেট ম্যানেজমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার ছিলেন।

6. (a) উত্তরপ্রদেশের কুশিনগরে এক আন্তর্জাতিকমানের বিমানবন্দর গড়ে উঠল। কুশিনগর বৌদ্ধ ধর্মাবলম্বীদের একটি পবিত্র স্থান। এখানে বৌদ্ধ ধর্মের প্রতিষ্ঠাতা গৌতম বুদ্ধের মহাপরিনির্বাণ লাভ ঘটেছিল। এই বিমানবন্দরটি পর্যটনকে উৎসাহিত করবে এবং নতুন কর্মক্ষেত্রের সুযোগ সৃষ্টি করবে।

7. (a) ইন্দোনেশিয়া, চীনকে ৩-০ ফলাফলে পরাজিত করে এই প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হল। সম্প্রতি ডেনমার্কে এই খেলা অনুষ্ঠিত হয়ে গেল। অ্যাচিভার্স

8. (d) রাশিয়া বিরোধী দলনেতা, আইনজীবী ও দুর্নীতিবিরোধী কর্মী মানবাধিকার রক্ষার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০২১ সালের সাখারোভ প্রাইজে ভূষিত হলেন। ১৯৮৮ সালে প্রথম এই পুরস্কার প্রদান করা হয়েছিল। এই পুরস্কারটি ইউরোপিয়ান পার্লামেন্ট কর্তৃক প্রদান করা হয়।

9. (a) বিশিষ্ট ক্রীড়া প্রশাসক সহদেব যাদব 'ইন্ডিয়ান ওয়েটলিফটিং ফেডারেশন' (IWF)-এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। তিনি পরবর্তী চার বছর এই পদে নিযুক্ত থাকবেন।

   **এক নজরে IWF:–** অ্যাচিভার্স
   - ☞ প্রতিষ্ঠাকাল — ১৯৩৫ সাল।
   - ☞ প্রথম প্রেসিডেন্ট — বিজয় চাঁদ মহাতাব।

10. (b) সম্প্রতি ঘোষণা করেছে যে তারা ভারতের বৃহত্তম গ্রিন হাইড্রোজেন মেকিং প্ল্যান্ট গড়ে তুলতে চলেছে। যে প্ল্যান্টটির উৎপাদন ক্ষমতা ১০ মেগাওয়াট। অ্যাচিভার্স

   **এক নজরে GAIL :–**
   - ☞ প্রতিষ্ঠাকাল — ১৯৮৪ সাল।
   - ☞ সদর কার্যালয় — নতুন দিল্লি।
   - ☞ বর্তমান পদাধিকারী — মনোজ জৈন।

11. (b) সম্প্রতি World Justice Project কর্তৃক প্রকাশিত Rule of Law Index - 2021 এ ভারত মোট ১৩৯টি দেশের মধ্যে ৭৯তম স্থানে রয়েছে। এই ইনডেক্সের তালিকায় প্রথম স্থানে রয়েছে ডেনমার্ক, দ্বিতীয় স্থানে রয়েছে নরওয়ে এবং তৃতীয় স্থানে রয়েছে ফিনল্যান্ড।

12. (d) কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক গ্রাহকদের Point of Sale (PoS) দেওয়ার জন্য সম্প্রতি পাইন ল্যাবের সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

   **এক নজরে কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক:—**
   - ☞ প্রতিষ্ঠাকাল — ২০০৩ সাল। অ্যাচিভার্স
   - ☞ সদর কার্যালয় — মুম্বাই।
   - ☞ বর্তমান এমডি এবং সিইও — উদয় কোটাক।

13. (a) সম্প্রতি উদয় মাহুরকার এবং চিরায়ু পণ্ডিত কর্তৃক রচিত গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ করেছেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

14. (c) মার্কিন চলচ্চিত্র পরিচালক মার্টিন স্ক্রুজি এবং হাঙ্গেরিয়ান চলচ্চিত্র পরিচালক ইস্টভান জাবো ৫২তম ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়া'তে সত্যজিৎ রায় লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। অ্যাচিভার্স

15. (c) সম্প্রতি প্রয়াত সারনজিৎ সিং ভারতের প্রাক্তন হকি খেলোয়াড় ছিলেন। তিনি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার হয়ে দীর্ঘদিন হকি খেলেছেন।

16. (d) চাইনিজ স্মার্টফোন প্রস্তুতকারক সংস্থা রিয়েলমির বিপণন দূত হিসাবে কে এল রাহুলকে নিযুক্ত করল। তিনি সদ্য সমাপ্ত হওয়া আইপিএল ক্রিকেট টুর্নামেন্টে পাঞ্জাব কিংস দলের অধিনায়ক হিসাবে খেলেছেন।

17. (c) পোলিও টিকাদান ও পোলিও নির্মূলীকরণের সচেতনতা বৃদ্ধির জন্য সারা বিশ্বজুড়ে ২৪ অক্টোবর ওয়ার্ল্ড পোলিও ডে উদযাপিত হল। এই দিবসের এবছরের থিম হল—'One Day: One Focus : Ending Polio - delevering on our promise of a Polio-free World'.। অ্যাচিভার্স

18. (c) রামনাথ কৃষ্ণাণ ICRA-এর এমডি এবং গ্রুপ সিইও হিসাবে পূর্ববর্তী পদাধিকারী এন শিবরামনের স্থলাভিষিক্ত হলেন।

**এক নজরে ICRA :–**

☞ প্রতিষ্ঠাকাল — ১৯৯১ সাল।

☞ সদর কার্যালয় — গুরগাঁও।

অ্যাচিভার্স

19. (a) তামিলনাডুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন বিভিন্ন গঠনমূলক প্রকল্পের গতিপ্রকৃতি সংক্রান্ত বিষয়ের পুনর্মূল্যায়ন করার জন্য 'e-munnetram' ওয়েব পোর্টাল চালু করলেন। এই ওয়েব পোর্টালটি 'TNeGA' 'তামিল কম্পিউটার সফটওয়্যার' 'The Keezhadi', 'The Tamizhi' যৌথভাবে তৈরি ও রক্ষণাবেক্ষণ করছে।

20. (c) ডেনমার্কের ব্যাডমিন্টন তারকা ভিক্টর অ্যাক্সেলসেন ডেনমার্ক ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় জাপানের কেন্টো মোমোতাকে পরাজিত করে পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন।

অ্যাচিভার্স

**এক নজরে এবারের ডেনমার্ক ওপেন:—**

☞ খেলার তারিখ — ১৯-২৪ অক্টোবর, ২০২১।

☞ খেলার স্থান — ওডেনসি স্পোর্টস পার্ক, ডেনমার্ক।

☞ পুরস্কার মূল্য — ৮ লক্ষ ৫০ হাজার ইউএস ডলার।

21. (b) মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে নাগপুরে অবস্থিত রিজিওনাল ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি (RFSL) তে ওয়াইল্ডলাইফ ডিএনএ টেস্টিং ল্যাবের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন।

**এক নজরে মহারাষ্ট্র রাজ্য:—**

অ্যাচিভার্স

☞ গঠনকাল — ১৯৬০ সাল।

☞ রাজধানী — মুম্বাই।

☞ মোট জেলা — ৩৬টি।

☞ আয়তন — ৩০৭৭১৩ বর্গকিমি।

☞ লোকসভার আসন — ৪৮টি।

☞ রাজ্যসভার আসন — ১৯টি।

22. (c) AU SFB হল ভারতের বৃহত্তম স্মল ফিনান্স ব্যাঙ্ক। এর সদর দপ্তর জয়পুর (রাজস্থান) এবং এটির প্রতিষ্ঠাকাল - ১৯৯৬।

23. (a) ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সাইবার নিরাপত্তার বিষয়ে সচেতনতার জন্য Centre for Development of Advanced Computing (C-DAC)-এর সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে।

**এক নজরে UBI :—**

☞ প্রতিষ্ঠাকাল — ১৯১৯ সাল।

অ্যাচিভার্স

☞ প্রতিষ্ঠাতা — শেঠ সীতারাম পোদ্দার।

☞ সদর কার্যালয় — মুম্বাই।

24. (d) তামিল চলচ্চিত্র 'কোঝাঙ্গাল' ৯৪তম অস্কার পুরস্কারের জন্য প্রাথমিক পর্বের মনোনয়ন পেয়েছে। চলচ্চিত্রটির পরিচালক হলেন পি এস বিনোথরাজ। এটির আন্তর্জাতিক অনূদিত নাম হল 'Pebbles'।

25. (c) PMJJBY হল একটি কেন্দ্রীয় সরকারি প্রকল্প। এই প্রকল্পের আওতায় কোনো ব্যক্তি মারা গেলে তার মনোনীত নমিনিকে ২ লক্ষ টাকা আর্থিক সুবিধা প্রদান করা হবে।

**এক নজরে PMJJBY :—**

☞ যোগদানের বয়স — ১৮-৫০ বছর বয়সি।

☞ বার্ষিক প্রিমিয়াম — ৩৩০ টাকা।

অ্যাচিভার্স

☞ বিমার পরিমাণ — ২ লক্ষ টাকা।

26. (d) কুশম্যান ফাউন্ডেশন ফর ফোরামিনিফেরাল রিসার্চ কর্তৃক প্রদত্ত যোশেফ কুশম্যান অ্যাওয়ার্ডে ভূষিত হলেন গোয়ায় অবস্থিত CSIR-NIO-এর প্রাক্তন প্রধান বৈজ্ঞানিক রাজীব নিগম।

27. (d) নীতি আয়োগের অধীনস্থ অটল ইনোভেশন মিশন (AIM) এই ডিজি বুক চালু করেছে। এই ডিজি বুকটি হল ৪৫টি হেলথ-টেক স্টার্টআপের সংকলন।

28. (a) টিটসি দাঙ্গারেম্বগা হলেন জিম্বাবোয়ের একজন বিশিষ্ট ঔপন্যাসিক, নাট্যকার ও চলচ্চিত্র নির্মাতা। তাঁর প্রথম উপন্যাস হল-- 'Nervous Condition'। তিনি ১৯৮৯ সালে কমনওয়েলথ রাইটার্স প্রাইজে ভূষিত হয়েছিলেন। তিনি প্রথম কৃষ্ণাঙ্গ মহিলা হিসাবে 'পিস প্রাইজ অফ দ্য জার্মান বুক ট্রেড'-এ ভূষিত হয়েছেন।

অ্যাচিভার্স

29. (d) নেদারল্যান্ডের ম্যাক্স ভারস্টাপেন ইউএস গ্রাঁপিতে চ্যাম্পিয়ন হলেন। এই প্রতিযোগিতায় লুইস হ্যামিল্টন দ্বিতীয় এবং সার্জিও পেরেজ তৃতীয় স্থানে শেষ করেছেন।

30. (b) চিদানন্দ রাজঘাটা একজন বিশিষ্ট সাংবাদিক ও লেখক। তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম মহিলা উপরাষ্ট্রপতি কমলা হ্যারিসের জীবন কাহিনি নিয়ে এই গ্রন্থ রচনা করেছেন।

31. (c) ২০২২ সালের আইপিএলে ১০টি দল অংশগ্রহণ করবে। আহমেদাবাদ এবং লক্ষ্ণৌ এই দুটি দল নতুনভাবে অংশগ্রহণ করবে। মোট ৭৫টি ম্যাচ অনুষ্ঠিত হবে। প্রত্যেক দল ৭টি হোম এবং ৭টি অ্যাওয়ে গেমস খেলবে।

32. (c) উত্তরপ্রদেশ সরকার সম্প্রতি ফইজাবাদ রেলওয়ে জংশনের নাম পরিবর্তন করে অযোধ্যা ক্যান্টনমেন্ট রাখার প্রস্তাব অনুমোদন করেছে। প্রসঙ্গত, উত্তরপ্রদেশ সরকার ২০১৮ সালে ফইজাবাদ ও এলাহাবাদের নাম পরিবর্তন করে যথাক্রমে অযোধ্যা এবং প্রয়াগরাজ করেছে।

অ্যাচিভার্স

33. (b) ২৩ অক্টোবর, ২০২১ তারিখে ভারত-পাকিস্তানের মধ্যে অনুষ্ঠিত আইসিসি টি-২০ ওয়ার্ল্ড কাপের ম্যাচে ব্যাটটির উদ্বোধন করেন ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক মহম্মদ আজাহারউদ্দিন। ব্যাটটির দৈর্ঘ্য ৫৬.১০ - ফুট, ওজন - ৯০০০ কেজি এবং ব্যাটটি পপলার কাঠ দিয়ে তৈরি।

34. (a) ২৪-২৭ অক্টোবর আরব সাগরে 'কোঙ্কণ শক্তি ২০২১' অনুষ্ঠিত হয়ে গেল।

অ্যাচিভার্স

35. (c) বেসরকারি কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক ইন্ডিয়গোর যৌথ সহযোগিতায় Ka-Ching নামক কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করল।

**এক নজরে KMB :—**

☞ প্রতিষ্ঠাকাল — ২০০৩ সাল।

☞ সদর কার্যালয় — মুম্বাই।

☞ ট্যাগলাইন — Lets make money simple।

36. (c) SANKALP কথার পূর্ণ রূপ হল– Skills Acquisition and Knowledge Awareness for Livelihood Promotion। এটি ২০১৮ সালে চালু হয়েছে।
37. (b) অ্যানিমেশন শিল্পের শিল্পী, বিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের অবদানকে স্বীকৃতি জানাতে এই দিনটি পালন করা হয়। ২০০২ সালে প্রথম এই দিনটি পালন করা হয়েছিল।
38. (d) ভারতের প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী রমেশ পোখরিয়াল 'নিশাঙ্ক' করোনা সংক্রমণ পরিস্থিতিতে উপরোক্ত গ্রন্থটি রচনা করেছেন। অ্যাচিভার্স
39. (a) চেন্নাইয়ের কোসাথ্যালাইয়ার অববাহিকা অঞ্চলের বন্যা সুরক্ষা ব্যবস্থাপনার জন্য এই প্রোজেক্টটি গ্রহণ করা হয়েছে।
40. (d) মহারাষ্ট্রের এগ্রিবিজনেসকে উন্নত করতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক ১০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ হিসাবে প্রদান করেছে।
41. (b) RBI জম্মু ও কাশ্মীর ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে বলদেব প্রকাশকে নিযুক্ত করলেন, যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আর কে ছিব্বারের স্থলাভিষিক্ত হলেন।
42. (d) দক্ষিণ কোরিয়ার সদর দপ্তর ইনচিওনে অবস্থিত 'Shinincheon Bitdream Fuel Cell Power Plant হল বিশ্বের বৃহত্তম হাইড্রোজেন ফুয়েল সেল পাওয়ার প্ল্যান্ট। এতে উৎপাদিত বিদ্যুতের সাহায্যে প্রতি বছর ২ লক্ষ ৫০ হাজার গৃহস্থালির বিদ্যুৎ সরবরাহ সম্ভব। অ্যাচিভার্স
43. (c) বিবেক দেবরয় প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা কাউন্সিলের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন। এদিন ওই কাউন্সিলের সদস্য হিসাবে নিযুক্ত হলেন রাকেশ মোহন, টি টি রামমোহন, পুনম গুপ্তা।
44. (c) লার্জ স্টেটস ক্যাটাগরিতে মোট ১৮টি রাজ্যের মধ্যে কেরল প্রথম স্থানে রয়েছে। অপরদিকে স্মল স্টেটস ক্যাটাগরিতে প্রথম স্থানে রয়েছে সিকিম এবং কেন্দ্রশাসিত অঞ্চল ক্যাটাগরিতে প্রথম স্থানে রয়েছে পুদুচেরি।
45. (c) ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জুকারবার্গ সম্প্রতি ফেসবুকের নাম পরিবর্তনের কথা ঘোষণা করেছে। 'Meta' শব্দটির অর্থ 'Beyond'। অ্যাচিভার্স
46. (a) কর্ণাটক প্রথম স্থানে রয়েছে, যার স্কোর হল - ৭০। এছাড়া অন্যান্য রাজ্যগুলির স্কোর হল— রাজস্থান - ৬১, হরিয়ানা - ৫৯.৫, পাঞ্জাব - ৫৮, মহারাষ্ট্র - ৫৭.৫, কেরল - ৫৩।
47. (d) সম্প্রতি কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি শক্তিকান্ত দাসকে RBI-এর ২৫তম গভর্নর হিসাবে দ্বিতীয়বারের জন্য পুনর্নিযুক্ত করার সুপারিশ করল। তিনি ২০১৮ সালের ১২ ডিসেম্বর RBI-এর গভর্নর হিসাবে পূর্ববর্তী পদাধিকারী উরজিৎ প্যাটেলের স্থলাভিষিক্ত হয়েছিলেন। অ্যাচিভার্স
48. (c) সম্প্রতি উত্তরাখণ্ডের নৈনিতাল জেলার লালকুয়ানে ভারতের সুগন্ধী বাগান গড়ে উঠল। এর মোট আয়তন প্রায় ৩ একর।
49. (d) ভারত ও ইজরায়েলের মধ্যে অনুষ্ঠিত Blue Flag - 2021 এ ভারতের মোট ৮৪ জন বায়ুসেনা অংশগ্রহণ করেছিলেন।
50. (c) ৩১ অক্টোবর সারা বিশ্বজুড়ে World Cities Day উদযাপিত হল। ২০২১ সালের এই দিবসের থিম হল— 'Adapting Cities for Climate Resiliece'।
51. (c) 'Pride and Prejudice' নামক গ্রন্থটির রচয়িতা হলেন জেন অস্টিন। এটি একটি উপন্যাস যা ১৮১৩ সালে প্রকাশিত হয়েছিল। অ্যাচিভার্স
52. (a) ফ্রান্সের ইয়ামহা মোটর ড্রাইভার ফেবিও কোয়ার্টারারো ২০২১ সালের মোটো জি পি ওয়ার্ল্ড চ্যাম্পিয়ন খেতাব জয়লাভ করলেন।
53. (d) বান্দুলা ওয়ারনাপুরা শ্রীলঙ্কার প্রথম টেস্ট অধিনায়ক ছিলেন। তিনি সমগ্র ক্রিকেট জীবনে ৪টি টেস্ট ম্যাচে ৯৬ রান, ১২টি একদিবসীয় ম্যাচে ১৮০ রান ও ৮টি উইকেট সংগ্রহ করেছেন।
54. (b) চেন্নাই-মহীশূর শতাব্দী এক্সপ্রেস দক্ষিণ রেলওয়ের প্রথম ট্রেন হিসাবে IMS Certification লাভ করল। ট্রেনের রক্ষণাবেক্ষণ, যাত্রী স্বাচ্ছন্দ্যের মান ও নিরাপত্তা বিচার করে এই সার্টিফিকেট প্রদান করা হয়েছে।
55. (d) তিনি বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ছিলেন। তিনি তিরুবনন্তপুরমের রিজিওনাল ক্যান্সার সেন্টার (RCC) এর প্রতিষ্ঠাতা ডিরেক্টর ছিলেন। অ্যাচিভার্স
56. (b) Samudrayan মিশনটি কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রক কর্তৃক চালু করা হয়েছে।
57. (a) সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি অশোক ভূষণ NCLAT -এর চেয়ারপার্সন হিসাবে পরবর্তী চার বছর কিংবা ৭০ বছর বয়স অবধি নিযুক্ত হলেন।
58. (b) সম্প্রতি ভারতের কিংবদন্তী ক্রিকেটর হরভজন সিং লন্ডনের মেরিলেবোন ক্রিকেট ক্লাবের (MCC) আজীবন সাম্মানিক সদস্য পদ লাভ করলেন। হরভজন সিং-এর পাশাপাশি জাভাগল শ্রীনাথকেও এই সদস্যপদ প্রদান করা হয়েছে।
59. (d) রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ আধা বিচারক সংস্থা NCLT-এর প্রেসিডেন্ট হিসাবে বিচারপতি রামালিঙ্গম সুধারকে নিযুক্ত করলেন। তিনি পরবর্তী ৫ বছর বা ৬৭ বছর বয়স অবধি এই পদে থাকবেন। অ্যাচিভার্স
60. (c) অমিতাভ ঘোষ হলেন একজন ভারতীয় ঔপন্যাসিক। তিনি ২০১৮ সালে জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিত হয়েছিলেন।
61. (c) AMUL (Anand Milk Union Limited) এর ৭৫তম প্রতিষ্ঠা দিবস উদযাপিত হয়ে গেল। এটি ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। এর সদর কার্যালয় গুজরাটে অবস্থিত।
62. (d) অ্যাক্সিস ব্যাঙ্ক একটি রাষ্ট্রায়ত্ত বেসরকারি ব্যাঙ্ক। এটি ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে। এর সদর কার্যালয় মুম্বাইয়ে অবস্থিত।
63. (b) ৩০-৩১ অক্টোবর, ২০২১ তারিখে ইটালির রোমে জি-২০ সামিট অনুষ্ঠিত হয়ে গেল। এবারের সামিটে চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছিলেন ইটালির প্রধানমন্ত্রী মারিও দ্রাঘি।
64. (d) Vax শব্দটি ল্যাটিন শব্দ 'Vacca' থেকে নেওয়া হয়েছে। Vacca কথার অর্থ 'COW' বা গোরু। অ্যাচিভার্স

65. (c) ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন হরিয়ানার পানিপথে ভারতের প্রথম mega-Scale Maleic Auhydride Plant গড়ে তোলার জন্য ৩৬৮১ কোটি টাকা বিনিয়োগ করতে চলেছে।

66. (b) অ্যালান ডেভিডসন অস্ট্রেলিয়ার অলরাউন্ডার ক্রিকেটার ছিলেন। তিনি সমগ্র ক্রিকেট জীবনে ৪৪টি টেস্ট ম্যাচে ১৩২৮ রান ও ১৮৬টি উইকেট সংগ্রহ করেছেন।

67. (d) সুভদ্রা সেনগুপ্তা একজন ভারতীয় লেখিকা। তিনি ২০১৫ সালে বাল সাহিত্য পুরস্কারে ভূষিত হয়েছেন। তিনি এযাবৎ ৩০টির বেশি গ্রন্থ রচনা করেছেন। অ্যাচিভার্স

68. (c) লভলীনা বোরগোহাইন একজন কিংবদন্তী মহিলা বক্সার। তিনি সদ্য সমাপ্ত টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ মেডেল জয়লাভ করেছেন। তিনি ২০১৮ ও ২০১৯ সালের ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ মেডেল জয়লাভ করেছেন।

69. (a) HDFC Life Insurance সংস্থাটি এক্সাইড লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডের ১০০% শেয়ার অধিগ্রহণ করার জন্য কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়ার কাছ থেকে অনুমতি পেয়েছে।

70. (c) QS কর্তৃক প্রকাশিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং-২০২২ তালিকায় প্রথম স্থানে রয়েছে সিঙ্গাপুরের ন্যাশনাল ইউনিভার্সিটি। এই তালিকায় ভারতের মধ্যে প্রথম স্থানে রয়েছে বোম্বাই আইআইটি। অ্যাচিভার্স

71. (d) আহমদ শাহ আহমদজাই ১৯৯৫-১৯৯৬ সাল পর্যন্ত আফগানিস্তানের কার্যকরী প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

72. (b) মৌলানা আবুল কালাম আজাদ ট্রফি হল একটি আন্তঃ ইউনিভার্সিটি ক্রীড়া প্রতিযোগিতা।

73. (c) কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র (CII) ডিজি হিসাবে নিযুক্ত হলেন চন্দ্রজিৎ ব্যানার্জি।

অ্যাচিভার্স

**এক নজরে CII:–**

☞ প্রতিষ্ঠা — ১৮৯৫ সাল।

☞ সদর কার্যালয় — নতুন দিল্লি।

74. (b) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ জেলায় কেদারনাথ মন্দির চত্বরে 'শ্রীআদি শংকরাচার্যে'র মূর্তির উন্মোচন করলেন। মূর্তিটি ২০১৩ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হয়ে গিয়েছিল। মূর্তিটির উচ্চতা - ১২ ফুট এবং ওজন - ৩৫ টন। মূর্তিটি তৈরি করেছেন মহীশূরের স্থপতিকার অর্জুন যোগীরাজ।

75. (d) কর্ণাটক সরকার বাড়ি বাড়ি সরকারি সুবিধা পৌঁছে দেওয়ার জন্য 'Janasevaka' এবং সরকারি বিষয়ে কোন কিছু অভিযোগ জানানোর জন্য ওয়ান স্টপ প্লাটফর্ম 'Janaspandana' চালু করেছে।

76. (a) ৩১ অক্টোবর থেকে ১২ নভেম্বর স্কটল্যান্ডের গ্লাসগোতে এই কনফারেন্স অনুষ্ঠিত হয়ে গেল। অ্যাচিভার্স

77. (b) সুনামির আগাম সতর্কতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রতি বছর ৫ নভেম্বর সারা বিশ্বজুড়ে এই দিবস উদযাপিত হয়।

78. (d) দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট লেখক দামোন গালগার্ট ২০২১ সালের বুকার প্রাইজে ভূষিত হলেন। তাঁর লেখা 'The Promise' নামক গ্রন্থের জন্য তিনি এই পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

79. (d) অ্যাস্টরয়েড বেল্ট হল সূর্যকে কেন্দ্র করে আবর্তিত মঙ্গল ও বৃহস্পতির কক্ষপথের মধ্যবর্তী স্থানে অবস্থিত বেস্টনী আকৃতি বিশিষ্ট সৌর জগতের অংশ বিশেষ।

80. (b) তারক সিনহা একজন কিংবদন্তী ক্রিকেট কোচ ছিলেন। তিনি দীর্ঘ পঞ্চাশ বছর কোচিং ক্ষেত্রের সঙ্গে জড়িত ছিলেন। তাঁর প্রশিক্ষিত ভারতের কয়েকজন বিখ্যাত ক্রিকেটার হলেন আশিস নেহরা, আকাশ চোপড়া, ঋষভ পন্থ, শিখর ধাওয়ান প্রমুখ। তিনি ২০০৮ সালে দ্রোণাচার্য পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

81. (d) আধুনিক স্বাস্থ্য পরিষেবায় মেডিক্যাল ইমেজিং এর ভূমিকা সম্পর্কে সচেতন করতে সারা বিশ্বজুড়ে এই দিবস উদযাপিত হয়। এবছর এই দিবসের থিম হল– 'Active Care for the Patient'।

82. (c) আসিফ আলি পাকিস্তানের পেশাদারি ক্রিকেটার। তিনি পুরস্কার ঘোষিত হওয়ার দিন অবধি ২০টি একদিবসীয় ম্যাচে ৩৮২ রান, ২৯টি টি-২০ ম্যাচে ৩০০ রান সংগ্রহ করেছেন।

83. (b) ভারতীয় নৌবাহিনীর প্রধান হিসাবে ভাইস অ্যাডমিরাল আর হরি কুমার পূর্ববর্তী পদাধিকারী অ্যাডমিরাল করমবীর সিং এর স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ভারতীয় নৌবাহিনীর ওয়েস্টার্ন নাভাল কমান্ডের ফ্ল্যাগ অফিসার কমান্ডিং-ইন-চিফ হিসাবে কর্মরত ছিলেন।

84. (a) গুজরাট Logistics Ease Across Different States Index -এ প্রথম স্থানে রয়েছে। এই ইনডেক্সের দ্বিতীয় স্থানে হরিয়ানা, তৃতীয় স্থানে পাঞ্জাব রয়েছে।

85. (d) Nykaa হল বিউটি এবং ফ্যাশান ই-কমার্স প্ল্যাটফর্ম, এটি ২০১২ সালে প্রতিষ্ঠিত হয়েছে।

86. (a) চলতি বছরের ১১-১৩ নভেম্বর ওড়িশার ভুবনেশ্বরে ভারতের প্রথম ফিজিক্যাল ন্যাশনাল যোগাসন চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়ে গেল। অ্যাচিভার্স

87. (c) সার্বিয়ার টেনিস তারকা নোভাক জকোভিচ প্যারিস মাস্টার্সে রাশিয়ার ড্যানিল মেদভেদেভকে ৪-৬, ৬-৩, ৬-৩ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

88. (d) নিউমোনিয়া রোগ সম্পর্কে জনসচেতনতা বাড়াতে, প্রতিরোধ ও চিকিৎসা সংক্রান্ত বিষয়ে প্রচার করার পদক্ষেপ তৈরি করতে সারা বিশ্বজুড়ে ১২ নভেম্বর এই দিবসটি পালিত হয়।

89. (d) দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট রাজনীতিবিদ ও প্রাক্তন প্রেসিডেন্ট ১৯৯৩ সালে শান্তিতে নোবেল প্রাইজে ভূষিত হয়েছিলেন। তিনি ১৯৮৯-১৯৯৪ পর্যন্ত দক্ষিণ আফ্রিকার সপ্তম প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালন করেছেন।

90. (b) ভারতের কিংবদন্তী ও জনপ্রিয় বলিউড চলচ্চিত্র অভিনেতা অমিতাভ বচ্চন অ্যাময় ইন্ডিয়ার বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে ওই সংস্থার বিপণনে সাহায্য করবেন। অ্যাচিভার্স

91. (d) ১৫-২৬ নভেম্বর ফ্রান্সে ভারত ও ফ্রান্সের সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া অনুষ্ঠিত হয়ে গেল। ভারতের গোর্খা রাইফেল্স ইনফ্যান্ট্রি ব্যাটেলিয়ান এই মহড়ায় অংশগ্রহণ করেছিল।

92. (a) সত্যনারায়ণ প্রধান নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো'র (NCB) ডিরেক্টর জেনারেল হিসাবে পূর্ববর্তী পদাধিকারী রাকেশ আস্থানার স্থলাভিষিক্ত হলেন।

93. (a) অসমের নদীর পরিবহণ ব্যবস্থার উন্নয়নের জন্য অসমের ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টকে ৭৭০ কোটি টাকা দান করল বিশ্ব ব্যাঙ্ক। অ্যাচিভার্স

94. (c) সলমন খুরশিদ একজন ভারতীয় রাজনীতিবিদ, অ্যাডভোকেট, বিশিষ্ট লেখক ও আইন শিক্ষক। তিনি ২০০৯-২০১৪ পর্যন্ত লোকসভার সাংসদ, ২০০৯-২০১২ সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী, ২০১১-১২ আইন ও বিচারমন্ত্রী, ২০১২-২০১৪ পর্যন্ত পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

95. (d) ১৪ নভেম্বর সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ডায়াবেটিস ডে উদযাপিত হল। যার এবছরের থিম হল– 'Access to Diabetes Care'।

96. (d) সম্প্রতি হাবিবগঞ্জ রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে 'রানি কমলাপতি রেলওয়ে স্টেশন' রাখা হয়েছে। এটি ভোপালে অবস্থিত। অ্যাচিভার্স

97. (b) ১৯৮২ সালের আইআরএস অফিসার প্রমোদ চন্দ্র মোদি রাজ্যসভার সেক্রেটারি জেনারেল হিসাবে পূর্ববর্তী পদাধিকারী পি পি কে রামাচারুলু'র স্থলাভিষিক্ত হলেন। তিনি পূর্বে সিবিডিটির চেয়ারম্যান হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

98. (a) এম মুকুন্দন তাঁর লেখা 'Delhi : A Soliloquy' নামক গ্রন্থের জন্য তিনি জেসিবি সাহিত্য পুরস্কারে ভূষিত হয়েছেন। তিনি একজন মালয়ালম সাহিত্যিক।

99. (b) অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খাণ্ডু Kaiser-i-Hind butterfly কে রাজ্য প্রজাপতি হিসাবে ঘোষণা করলেন। এর বিজ্ঞানসম্মত নাম হল– 'Teinopalpus imperialis'। অ্যাচিভার্স

100. (a) মন্নু ভাণ্ডারি একজন প্রোথিতযশা হিন্দি সাহিত্যিক ছিলেন। তিনি 'আপকা বান্টি', 'মহাভোজ' উপন্যাসের জন্য বিখ্যাত হয়ে আছেন। তিনি সাহিত্য ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ব্যাস সম্মান, মধ্যপ্রদেশ হিন্দি সাহিত্য সম্মেলন সম্মান, কলা-কুঞ্জ সম্মানে ভূষিত হয়েছেন।

———★★★———